

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭০.০০৭.২০০৯.১২৬


তারিখ : ০৯.০৫.২০১৯ খ্রি:

বিষয় : মহামান্য হাইকোর্টের ৫১৩১/২০১৬ নং রিট পিটিশন আদেশের প্রেক্ষিতে বেতন ভাতা ছাড়করণের বিষয়ে মতামত প্রদান।

সূত্র : জনাব মো: জাহাঙ্গীর সেলিম (প্রধান শিক্ষক), হাজী অছি আমরুল্লাহ বালিকা উচ্চ বিদ্যালয়, ঝিনাইগাতী, শেরপুর এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনাব মো: জাহাঙ্গীর সেলিম (প্রধান শিক্ষক), ম্যানেজিং কমিটির সভাপতির স্বাক্ষর জাল করে হাজী অছি আমরুল্লাহ বালিকা উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হওয়ার অভিযোগে তার বেতন ভাতা স্থগিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ২১.০৪.২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৭.২০০৯.১৭৯ নং স্মারকে জনাব মো: জাহাঙ্গীর সেলিম এর অনুকূলে বেতন ভাতা ছাড় করার জন্য আদেশ দেয়া হয়। উক্ত আদেশের বিরুদ্ধে জনাব উম্মে কুলসুম, স্বামী আমিরুল ইসলাম, ঝিনাইগাতী, শেরপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে ৫১৩১/২০১৬ নং রিট পিটিশন মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের ২১.০৪.২০১৬ তারিখের আদেশ ছয় মাসের জন্য স্থগিত করেন এবং পরবর্তীতে চূড়ান্ত আদেশে মামলাটি খারিজ করে দেন। মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে জনাব উম্মে কুলসুম মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে ১৫৬৫/২০১৭ নং আপিল মামলা দায়ের করেন এবং শুনানী শেষে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ নো অর্ডার হিসেবে আদেশ প্রদান করেন।

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ এবং সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে (আদেশের মূল কপি যাচাই পূর্বক) জনাব মো: জাহাঙ্গীর সেলিম (প্রধান শিক্ষক) এর বেতন ভাতা ছাড়করণের বিষয়ে আগামী ১০ কর্ম দিবসের মধ্যে আইন উপদেষ্টার মতামতসহ প্রতিবেদন প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল [ds.mpo@moedu.gov.bd](mailto:ds.mpo@moedu.gov.bd)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩. জনাব মো: জাহাঙ্গীর সেলিম (প্রধান শিক্ষক), হাজী অছি আমরুল্লাহ বালিকা উচ্চ বিদ্যালয়, ঝিনাইগাতী, শেরপুর।

০৪. অফিস কপি।